

ঢাকা ইইমেন কলেজ

রোড-১৭/এ, সেক্টর-১২, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০



স্মারক নং:

তারিখ: ৫২. সেপ্টেম্বর, ২০২১

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে অনার্স ২য় বর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

ঢাকা ইইমেন কলেজের ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের অনার্স শ্রেণির শিক্ষার্থীদের মধ্যে যারা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ২০২০ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করার লক্ষ্যে ফরম পূরন করেছে ও অঙ্গীকার নামা জমা দিয়েছে তাদেরকে আগামী ২৩/০৯/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে অনার্স ২য় বর্ষে ভর্তি হওয়ার নির্দেশ দেয়া হলো। উল্লেখ্য যে, কোভিড-১৯ পরিস্থিতির উন্নতি হলে লিখিত এবং ব্যবহারিক পরীক্ষা যথাবৰ্তীতি অনুষ্ঠিত হবে। পরীক্ষার রেগুলেশন অনুযায়ী লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করে কমপক্ষে তিনি তত্ত্বাবধারী কোর্সে D বা এর বেশি ছেড়ে পেয়ে উত্তীর্ণ হতে হবে। প্রমোশনের নীতিমালা অনুযায়ী উত্তীর্ণ (Promoted) হতে ব্যর্থ হলে শর্ত সাপেক্ষে উত্তীর্ণ (Conditional Promotion) বাতিল বলে গণ্য হবে। তবে অনার্স ২য় বর্ষের ভর্তির জন্য দেয় ঢাকা পরবর্তী বর্ষের সাথে সমন্বয় করা হবে। শিক্ষার্থীরা বিকাশ অ্যাপস এর মাধ্যমে পেমেন্ট অপশন সিলেক্ট করে রেফারেন্স এর জায়গায় প্রতিষ্ঠানের নাম ও শিক্ষার্থীর আইডি/রোল নম্বর লিখে কলেজের মার্চেন্ট বিকাশ নম্বর (01729557661) এর মাধ্যমে পরিশোধ করতে পারবে।

১৫/৯/২০২১
ড. মো. আবুল কালাম আজাদ
অধ্যক্ষ
ঢাকা ইইমেন কলেজ

১৫/৯/২০২১



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর।

Website : www.nubd.info/honours

স্মারক নং-জাতীঃ বিঃ/পনি/অনার্স ১ম বর্ষ/২০২০/৫২৭০

তারিখঃ ২৫/০৮/২০২১ খ্রিস্টাব্দ

২০১৯-২০২০ শিক্ষাবর্ষের অনার্স ১ম বর্ষের শিক্ষার্থীদের শর্ত সাপেক্ষে ২য় বর্ষে Promotion সংক্রান্ত বিশেষ বিজ্ঞপ্তি :

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের নিয়মিত, ২০১৮-২০১৯, ২০১৭-২০১৮ ও ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের অনিয়মিত শিক্ষার্থী বিধি মোতাবেক ভর্তি ও রেজিস্ট্রেশন, অন-লাইনে কোর্স সম্পন্ন, ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ এবং ২০২০ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন ফরমপূরণ করেছে সে সকল শিক্ষার্থীদের মহামারী কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় ইতোমধ্যে ২য় বর্ষে উন্নীত ঘোষণা করা হয়েছে। কিন্তু গত ১৬/০৬/২০২১ তারিখ স্মারক নং: (০-৫) জাতীঃবিঃ/পনি/অফিস আদেশ/২০১২/০৩/২৮৭ বিজ্ঞপ্তিতে উল্লেখিত 'চ' ধারা মোতাবেক সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ সকল পরীক্ষার্থীর অঙ্গীকারনামা জমা নিয়ে প্রত্যয়নপত্র (কপি সংযুক্ত) পূরণ করে ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে ১৪/০৭/২০২১ তারিখের মধ্যে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, অনার্স ১ম বর্ষ শাখা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪ এ ঠিকানায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হলেও অদ্যাবধি অনেক কলেজ কর্তৃপক্ষ তা প্রেরণ করেন নাই।

এমতাবস্থায়, যে সকল কলেজ অদ্যাবধি প্রত্যয়নপত্র প্রেরণ করে নাই সে সকল কলেজের পরীক্ষার্থীদের অঙ্গীকারনামা গ্রহণ এবং কলেজে সংরক্ষণ করে শুধুমাত্র অধ্যক্ষ কর্তৃক প্রত্যয়নপত্র পূরণ করে ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আগামী ১৫/০৯/২০২১ তারিখের মধ্যে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, অনার্স ১ম বর্ষ শাখা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪ এ ঠিকানায় প্রেরণ করার জন্য পুনরায় অনুরোধ করা হলো। যে সকল শিক্ষার্থী অঙ্গীকারনামা জমা দিয়েছে তাদের ২য় বর্ষে শর্ত সাপেক্ষে ভর্তি ও অন-লাইনে ক্লাস শুরুর জন্য অনুরোধ করা হলো।

বিধুৎ- শিক্ষার্থী কর্তৃক স্বাক্ষরিত অঙ্গীকারনামা সংশ্লিষ্ট কলেজে সংরক্ষণ করতে হবে। শুধুমাত্র অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করতে হবে। ইতোমধ্যে যে সকল কলেজ কর্তৃপক্ষ উল্লেখিত প্রত্যয়নপত্র প্রেরণ করেছেন তাদের নতুন করে প্রত্যয়ন প্রেরণ করার প্রয়োজন নাই।

বিদ্রোহজ্ঞামান
পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

ফোনঃ ০২-৯২৯১০১৭

ফ্যাক্সঃ ০২-৯২৯১০৮৮

ই-মেইলঃ controller@nu.ac.bd